

১ ও ২ জানুয়ারি পাঠ্যপুস্তক উৎসব

■ ইত্তেফাক রিপোর্ট

১ জানুয়ারি বিনা মূল্যের পাঠ্যপুস্তক বিতরণ উৎসব করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। আর শিক্ষা মন্ত্রণালয় এই উৎসব পালন করবে ২ জানুয়ারি। ১ জানুয়ারি সকাল ১০টার রাজধানীর মিরপুর-২ এ অবস্থিত ন্যাশনাল বাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক বিতরণের এই উৎসব পালিত হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান প্রাথমিক ও ইবতেদায়ীর শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিয়ে এ উৎসবের উদ্বোধন করবেন।

প্রাথমিক স্তরে সারাদেশে মোট ২ কোটি ২৩ লাখ ২২ হাজার ৪২৮ জন শিক্ষার্থীর মাঝে ১০ কোটি ৮৭ লাখ ১৯ হাজার ৯৯৭ টি বই বিতরণ করা হবে। এছাড়া ৩২ লাখ প্রাক-প্রাথমিক শিক্ষার্থীদের হাতে ৩ কোটি ২৮ লাখ ৮ হাজার ৫৩টি বই ও অনুশীলন খার্তা বিতরণ করা হবে। ২০১১ সাল থেকে ১ জানুয়ারি বই উৎসব পালন করছে সরকার।